# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৭৮ তারিখ: ১৬ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ
২৯ এপ্রিল ২০২০ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭২৫তম কমিশন সভা অদ্য ২৯/০৪/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছে:

১. অদ্যকার সভায় কমিশন বে-মেয়াদী 'VIPB Balanced Fund' –এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১০(দশ) কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ১ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ৯ কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা ও সম্পদ ব্যবস্থাপক ভিআইপিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড। ফান্ডটির ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে সন্ধানী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড এবং ব্রাক ব্রাংক লিমিটেড।

২. Prograssive life insurance company Ltd (Issuer) তাদের ডিসেম্বর ৩১, ২০১৪ তারিখের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন কমিশনে দাখিলে ব্যর্থ হয়েছে ফলে সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন রুল, ১৯৮৭ এর Rule 12 এর 3(A) ভঙ্গ করেছে। এছাড়াও তালিকাভূক্ত কোম্পানীটি মার্চ ৩১, ২০১৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক প্রতিদেন কমিশনে দাখিলে ব্যর্থ হয়েছে বিধায় কমিশনের নোটিফিকেশন No. SEC/CMRRCD 2008-183/Admin/03=31 তারিখ : সেপ্টেম্বর ২৭, ২০০৯ ভঙ্গ হয়েছে। উল্লেখ্য যে, পরবর্তীতে কোম্পানী নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন কমিশনে দাখিল করেছে।

উক্ত আইনসমূহ লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় Prograssive life insurance company Ltd (Issuer) কে সতর্ক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. Bangladesh Securities and Exchnage Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2018 এর সংশোধনীর প্রস্তাব কতিপয় পরিবর্তন সাপেক্ষে অনুমোদিত হয়। জনমত যাচাইয়ের নিমিত্ত পত্র-পত্রিকা এবং কমিশনের ওয়েব সাইটে সরকার ঘোষিত সাধারণ ছুটি শেষে প্রকাশের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

৪. সভায় Corporate Governance Code (CGC) এ বর্ণিত Independent Director দের যোগ্যতা ও অভিজ্ঞতার মানদন্ড নির্ধারণপূর্ক একটি স্বতন্ত্র পরিচালকদের প্যানেল গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। সরকার ঘোষিত সাধারণ ছুটি শেষে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

৫. Bangladesh Securities and Exchnage Commission (Alternative Investment) Rules, 2015 এর সংশোধনী জনমত জরীপান্তে আজকের সভায় চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়। সরকার ঘোষিত সাধারণ ছুটি শেষে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

৬. Bangladesh Securities and Exchnage Commission (Debt Securities) Rules, 2020 এর খসড়া সরকার ঘোষিত সাধারণ ছুটি শেষে অফিস খোলার পর জনমত যাচাইয়ের নিমিত্ত পত্র-পত্রিকা এবং কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

৭. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ট্রেডিং রাইট এনটাইটেলমেন্ট সার্টিফিকেট) বিধিমালা, ২০২০ এর খসড়া সরকার ঘোষিত সাধারণ ছুটির কারণে গেজেটে প্রকাশ করা সম্ভব হয়নি এবং ইতোমধ্যে জনমত জরীপের সময় অতীক্রান্ত হয়ে যাওয়ায় কমিশন আজকের সভায় সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, পরবর্তীতে অফিস খোলার পর এ জনমত জরীপের নতুন সময়-সীমা নির্ধারণ করা হবে।

২৯/০৪/2020
মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।